

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা
পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

বাপক-এর গণশুনানী বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ হাম্মান মিয়া
	: চেয়ারম্যান
সভার তারিখ	: ২৯-১১-২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	: বেলা ০৩:০০ ঘটিকা
স্থান	: ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud Meeting), পর্যটন ভবন, বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”


সভাপতি জুমের মাধ্যমে সংযুক্ত উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানী শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব জিয়াউল হক হাওলাদার, ব্যবস্থাপক (জনসংযোগ) বাপক-এর গণশুনানী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। সভায় সংযুক্ত ছিলেন বাপক-এর পরিচালক (প্রশাসন ও অর্থ/বাণিজ্যিক ও পরিকল্পনা) ও যুগ্মসচিব জনাব মোঃ আব্দুস সামাদ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব ড. মল্লিক আনোয়ার হোসেন, বাপক-এর মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), মহাব্যবস্থাপক (পরিকল্পনা), পর্যটন অংশীজনগণ, ইউনিট ব্যবস্থাপকগণ এবং বাপক-এর বিভিন্ন বাণিজ্যিক ইউনিটের সম্মানিত অতিথিবৃন্দ। সভায় বিভিন্ন বিষয়ে সকলের মূল্যবান বক্তব্য / মতামত / পরামর্শ / অভিযোগ গ্রহণ করা হয়। অংশগ্রহণকারীগণ তাঁদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

২.০। প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১।	<p>আলোচনা: জনাব প্রমোদ বড়ুয়া, সেলস এক্সিকিউটিভ, স্কয়ার ফার্মাসিউটিক্যালস কক্সবাজারস্থ মোটেল উপল-এর সম্মানিত অতিথি হিসেবে তাঁর মতামত ব্যক্ত করেন। তিনি বলেন, পর্যটন মোটেল, উপল, বাপক, কক্সবাজার অতিথি সেবার দিক থেকে সর্বোচ্চ মান নিশ্চিত করে। তিনি যেকোন দাপ্তরিক কাজে কক্সবাজারে আসলে মোটেল উপল-কেই আবাসনের জন্য নির্বাচন করেন। তিনি বলেন, সবকিছু ভালো হলেও, যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য মোটেলটির কক্ষসমূহের সংস্কার করা অত্যন্ত জরুরি। এই জরাজীর্ণ ও ভগ্নদশা থেকে বের হতে পারলে এখানে আরো বেশি সংখ্যক অতিথি আকৃষ্ট হবে বলে তিনি আশা করেন।</p> <p>এ প্রেক্ষিতে সভাপতি বলেন যে, কোভিড-১৯ মহামারীর উত্তরণের প্রেক্ষিতে সকল বাণিজ্যিক ইউনিটে আর্থিক স্বচ্ছলতা ফিরে আসায় ক্রমান্বয়ে প্রতিটি হোটেল/মোটেল-এর সংস্কার কাজ শুরু করা হয়েছে।</p> <p>সিদ্ধান্ত: কক্সবাজার সহ দেশের সকল পর্যটন হোটেল / মোটেলসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) সংস্কারের কাজ সম্পন্ন করতে হবে।</p>	বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃপক্ষ / ইউনিট ব্যবস্থাপক, মোটেল উপল
২.২।	<p>আলোচনা: মোটেল রংপুর-এর সম্মানিত অতিথি জনাব আনোয়ারুল ইসলাম, এরিয়া ম্যানেজার, সুইস কন্সট্রাক্ট, বাংলাদেশ তাঁর বক্তব্যে বলেন, তিনি বাপক-এর আতিথেয়তায় সন্তুষ্ট। তবে পর্যটন মোটেল, রংপুর-এর কনফারেন্স রুমের মঞ্চটির পরিসর বাড়ানো সম্ভব হলে অনুষ্ঠান সুন্দরভাবে আয়োজন করা সম্ভব হবে। সভাপতি তাৎক্ষণিকভাবে পর্যটন মোটেল, রংপুর-এর ইউনিট ব্যবস্থাপককে সম্মানিত অতিথির চাহিত সেবাটি নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: পর্যটন মোটেল, রংপুর-এর কনফারেন্স রুমের মঞ্চটির পরিসর বৃদ্ধি করতে হবে।</p>	বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃপক্ষ / ইউনিট ব্যবস্থাপক, মোটেল রংপুর

২.৩।	<p>আলোচনা: পরিকল্পনা মন্ত্রণালয় থেকে আগত মোটেল রংপুর-এর সম্মানিত অতিথি জনাব মুশফিকুর রহমান বলেন, বাপক-এর অতিথি সেবা অন্যান্যদের থেকে তুলনামূলকভাবে ভালো। তবে সেবার মান আরো বৃদ্ধি করার সুযোগ রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।</p> <p>সভাপতি পর্যটন মোটেল, রংপুরসহ বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটের ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপককে সম্মানিত অতিথিদের চাহিত সেবা নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটের সম্মানিত অতিথিবৃন্দের চাহিদা অনুযায়ী সেবার মান বৃদ্ধি করতে হবে।</p>	<p>বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃপক্ষ / ইউনিট ব্যবস্থাপক, মোটেল রংপুর</p>
------	---	---

৩.০। গণশুনানীতে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে গণশুনানীর সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হানান মিয়া)
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০.৩২.০১৮.২২.০৩.০০০.২০১৪(১)/ ২৬২০

২৯ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ:
২৪ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) মহাব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ২) অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক / ইউনিট ব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ৪) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) পরিচালক-এর ব্যক্তিগত কর্মকর্তা (প্রশাসন ও অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা- পরিচালক মহোদয়বৃন্দের সদয় অবগতির জন্য।


(মোহাম্মদ সফিউজ্জামান ডুইয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)